দৈনিক আমাদের সময়

তারিখ: 01 DEC 2016
পৃষ্ঠা: ৬ কলাম: ৪

# প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় সেরা সিঙ্গাপুর

আন্তর্জাতিক ডেস্ক ● গণিত ও বিজ্ঞান বিষয়ে প্রাথমিক এবং মাধ্যমিক পর্যায়ে আন্তর্জাতিক মূল্যায়নে সিঙ্গাপুরের নাম এসেছে শীর্ষে। অন্যদিকে ইউরোপে তালিকের শীর্ষে রয়েছে উত্তর আয়ারল্যান্ড। খবর বিবিসি।

এই তালিকায় শীর্ষস্থানগুলোয় দক্ষিণ কোরিয়া এবং জাপানের মতো পূর্ব এশিয়ার দেশগুলো প্রাধান্য বিস্তার করেছে। দেশগুলোর শিক্ষার্থীরা তাদের অন্য প্রতিযোগীদের থেকে এগিয়ে রয়েছে। ট্রেন্ডস ইন ইন্টারন্যাশনাল ম্যাথমেটিকস্ অ্যান্ড সায়েন্স স্টাডি (টিআইএমএসএস) প্রতি চার বছর পর পর এই তালিকা প্রকাশ করে। ৫৭টি দেশের ৯ থেকে ১০ বছর বয়সী এবং ১৩ থেকে ১৪ বছর বয়সী ৬ লাখেরও বেশি শিক্ষার্থীর মধ্যে অনুষ্ঠিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এ তালিকা তৈরি করা হয়।